২৩.০৮.২৩
ডেসপাস ৫০০৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়, ২য় সংশোধিত)
প্রাণিসম্পদ অধিদপ্তর (২য় ভবন, ৫ম তলা) কৃষি খামার সড়ক, ফার্মগেইট, বাংলাদেশ, ঢাকা-১২১৫।
ফোন- ০২ ৫৮১৫৫২৩০, ০২ ২২২২৪২২২৪
E-mail: aietprojectdls@gmail.com

স্মারক নং-৩৩.০১.০০০০.৭০০.২০.০০২-২৩/ ৬৭২ তারিখঃ ২১/০৮/২০২৩ খ্রি.

প্রাপক

১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বগুড়া/নাটোর ও সভাপতি, এ.আই টেকনিশিয়ান নির্বাচন কমিটি

২। উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, রাজশাহী/বগুড়া/নাটোর ও সদস্য সচিব, এ.আই টেকনিশিয়ান নির্বাচন কমিটি।

বিষয়ঃ ইউনিয়ন কৃত্রিম প্রজনন টেকনিশিয়ান নির্বাচন পূর্বক নামের তালিকা প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে 'কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়)' এর আওতায় চলতি ২০২৩-২৪ অর্থ বছরে নির্ধারিত ইউনিয়নের এ.আই টেকনিশিয়ান প্রশিক্ষণ কৃত্রিম প্রজনন প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর কেন্দ্র সাভার/রাজশাহী ০৪ মাস এবং সংশ্লিষ্ট উপজেলায় ০২ মাসসহ মোট ০৬ (ছয়) মাসব্যাপী অনুষ্ঠিত হতে যাচ্ছে। এমতাবস্থায় 'ইউনিয়ন কৃত্রিম প্রজনন টেকনিশিয়ান নির্বাচন এবং এ.আই পয়েন্ট স্থাপন সংক্রান্ত (সংযু নীতিমালা অনুযায়ী নিম্নে উল্লেখিত ইউনিয়ন থেকে **প্রতিটি ইউনিয়ন পয়েন্টের জন্য একজন মূখ্য ও একজন বিকল্প এ.আই টেকনিশিয়ান** প্রাথমিকভাবে নির্বাচনপূর্বক আগামী **২০/০৯/২০২৩ তারিখের মধ্যে** নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| জেলা এআই কেন্দ্রের নাম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম |
|---|---|---|---|
| বগুড়া | বগুড়া | নন্দীগ্রাম | ধুন্দার বাজার (বুড়ইল), হাড়কড়ি বাজার (থালতামাঝগ্রাম) |
| | | শিবগঞ্জ | মোকামতলা , ময়দানহাটা, পীরব |
| | | শেরপুর | সীমাবাড়ী |
| | | দুপচাঁচিয়া | গোবিন্দপুর |
| | | আদমদীঘি | চাতিয়ানগ্রাম |
| | | গাবতলী | কাগইল |
| রাজশাহী | নাটোর | সদর | লক্ষীপুর, খোলাবাড়িয়া (বড়বাড়িয়া) |
| | | লালপুর | রুইগাড়ী বাজার (ওয়ালিয়া) |

জেলা কমিটি কর্তৃক নির্বাচিত প্রার্থীর আবেদনসহ অন্যান্য কাগজপত্র ও কমিটির সকল সদস্যের স্বাক্ষরসহ রেজুলেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে। অন্যথায় কোন প্রার্থীকে গ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করার সুযোগ থাকবে না।

২০/৮/২০২৩
(ডাঃ মোঃ জসিম উদ্দিন)
প্রকল্প পরিচালক
কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর
প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়, ২য় সংশোধিত)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ......................।
২। ট্রেনিং কোর্স কো-অর্ডিনেটর, কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়, ২য় সংশোধিত)।
৩। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৪-১১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/চট্টগ্রাম/বরিশাল।
১২-১৪। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ/উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
১৫। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। সদয় অবগতির জন্য।
১৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালকের কার্যালয়

জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র,বগুড়া

স্মারক নং-৩৩.০১.০০০০.৬০৫.০৩.০০২.২৩- ২৮৮ তারিখঃ৩০/০৮/২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রাণালয়ের আওতাধীন 'কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রুণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়)' এর আওতায় নিম্নবর্ণিত উপজেলাধীন তালিকাভুক্ত কৃত্রিম প্রজনন পয়েন্টের জন্য একজন মুখ্য এবং একজন বিকল্প এ আই টেকনিশিয়ান প্রাথমিকভাবে নির্বাচন করা হবে। সেলক্ষ্যে আগ্রহী যোগ্য প্রার্থীকে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বগুড়া ও সভাপতি জেলা এ আই টেকনিশিয়ান নির্বাচন কমিটি বরাবর সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্থ আহ্বান করা যাচ্ছে। প্রার্থীগণ নিজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তরে অফিস চলাকালীন সময়ে ১২/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবেদন পত্র জমা দিতে পারবেন। বাছাইকৃত যোগ্য আবেদনকারীকে নির্বাচন কমিটির নিকট মৌখিক পরীক্ষার জন্য হাজির হতে হবে। মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে।

আবেদনকারীর যোগ্যতাঃ

| | |
|---|---|
| ক) | এস.এস.সি. পাশ বা সমমান(বিজ্ঞান বিভাগ অগ্রাধীকার) |
| খ) | যে ইউনিয়ন পয়েন্টে স্থাপিত হবে সেই ইউনিয়নের স্থায়ি বাসিন্দা হতে হবে |
| গ) | উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে |
| ঘ) | বয়স সর্বোচ্চ ৪০ বছর(ডিডি এ.আই কর্তৃক ইতোপূর্বে এ আই টেকনিশিয়ান হিসাবে নিয়োগ প্রাপ্তদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) |
| ঙ) | কৃত্রিম প্রজনন কাজের প্রতি আগ্রহী ও পরিশ্রমী বেকার যুবক |

আবেনপত্রের সাথে যেসব কাগজ সংযুক্ত করতে হবেঃ

| | |
|---|---|
| ক) | শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ পত্র |
| খ) | নাগরিক সনদপত্র (ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত) |
| গ) | চারিত্রিক সনদপত্র ( গেজেটেট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত) |
| ঘ) | ০২ (দুই) কপি সত্যায়িত পার্সপোর্ট সাইজের ছবি (সম্প্রতি তোলা ছবি) |
| ঙ) | অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র |
| চ) | বয়স প্রমানের ক্ষেত্রে এস.এস.সি. পাশ সার্টিফিকেট গ্রহন যোগ্য |

কৃত্রিম প্রজনন টেকনিশিয়ান নির্বাচনের জন্য জেলা,উপজেলা,ইউনিয়ন ও পয়েন্টের তালিকাঃ

| ক্রমিক নং | জেলা | উপজেলা | ইউনিয়ন |
|---|---|---|---|
| ১. | বগুড়া | নন্দীগ্রাম | ধুন্দার বাজার( বুড়ইল), হাড়কড়ি বাজার (থালতামাঝগ্রাম) |
| ২. | | শিবগঞ্জ | মোকামতোলা, ময়দানহাটা,পীরব |
| ৩. | | শেরপুর | সীমাবাড়ী |
| ৪. | | দুপচাচিয়া | গোবিন্দপুর |
| ৫. | | আদমদীঘি | চাতিয়ানগ্রাম |
| ৬. | | গাবতলী | কাগইল |

৩০.০৮.২০২০

(ডাঃ মোঃ সাজেদুল ইসলাম)
উপপরিচালক
জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র,বগুড়া
ও
সদস্য সচিব
জেলা এ আই টেকনিশিয়ান নির্বাচন কমিটি,বগুড়া

বহুল প্রচার ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বগুড়া ।
২. জেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া ।
৩.উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(নন্দীগ্রাম, শিবগঞ্জ, শেরপুর, দুপচাচিয়া, আদমদীঘি, গাবতলী) ।

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১.পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ।
২.প্রকল্প পরিচালক, কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রুণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়), বাংলাদেশ, ঢাকা ।
৩.অফিস কপি ।